# ফ্যাসিবাদ নয়, গণতন্ত্র পুনরুদ্ধারের ইতিহাস বিএনপির: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান ও বিএনপি সরকারের বিরুদ্ধে ধারাবাহিক সমালোচনা ও কটূক্তির অভিযোগ তুলে বক্তব্য দিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ।

রোববার (২২ মার্চ) দুপুরে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

রিজভী আহমেদ বলেন, কথা বললেই গুম হয়ে যাওয়ার শঙ্কা—এমন পরিস্থিতি বর্তমানে নেই। তিনি দাবি করেন, বিএনপির অতীতে ফ্যাসিবাদ প্রতিষ্ঠার নজির নেই; বরং দমন-পীড়নের পরিবেশ থেকে গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ের ইতিহাসই দলটির শক্তি।

তিনি আরও বলেন, সমাজের সব অন্যায় একদিনে দূর করা সম্ভব নয়, তবে সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করতে সরকার অঙ্গীকারবদ্ধ।

সংবাদ সম্মেলনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বিএনপির দুদিনব্যাপী কর্মসূচিও ঘোষণা করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনা সভা, দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন।

LENS ASIA